



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
শাখা- ১০ (পিআইইউ)
www.techedu.gov.bd

ঘাটতি পত্র

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৩৫.০১.০০৯.২৫. ৫২


তারিখ: ২১ মে, ২০২৬ খ্রি.

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ফেনী কম্পিউটার ইন্সটিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের SFI (গুরুতর আর্থিক অনিয়ম) ও Non-SFI (সাধারণ আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তির ব্রডশিট জবাব পুনরায় প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ফেনী কম্পিউটার ইন্সটিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের ০২টি (অনুচ্ছেদ নং- ০৪ ও ০৫) SFI (গুরুতর আর্থিক অনিয়ম) এবং ০২টি (অনুচ্ছেদ নং- ২০ ও ২১) Non-SFI (সাধারণ আর্থিক অনিয়ম) সহ মোট ০৪টির ব্রডশিট জবাব অত্র অধিদপ্তরে পাওয়া গিয়েছে। কিন্তু প্রমাণকসহ ব্রডশিট জবাব যথাযথ না হওয়ায় ০২টি SFI (অনুচ্ছেদ নং- ০৪ ও ০৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে এবং ০২টি Non-SFI (অনুচ্ছেদ নং- ২০ ও ২১) অডিট আপত্তি শিক্ষা অডিট অধিদপ্তরে প্রেরণ করা সম্ভব হয়নি। উল্লিখিত ০৪টি অডিট আপত্তির ঘাটতির বিবরণ পৃথক পাতায় বর্ণনা করা হলো (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, উক্ত ০২টি SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব তিন সেট এবং ০২টি Non-SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব দুই সেট) আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে পুনরায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।


(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ফেনী।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। সংশ্লিষ্ট নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

www.techedu.gov.bd

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ফেনী কম্পিউটার ইন্সটিটিউট এর ২০২৩-২০২৪ অর্থবছরের SFI (গুরুতর আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তি ০২টি (অনুচ্ছেদ নং- ০৪ ও ০৫) এবং Non-SFI (সাধারণ আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তি ০২টি (অনুচ্ছেদ নং- ২০ ও ২১) ব্রডশিট জবাবে ঘাটতির বিবরণ নিম্নরূপ:

ক্র. নং	নিরীক্ষার সন, অনুচ্ছেদ ও আপত্তির ধরণ	শিরোনাম	ঘাটতির বিবরণ	মন্তব্য
১	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ০৪ (SFI)	শিক্ষার্থীগণের নিকট হতে পরিপত্র বহির্ভূত বিভিন্ন খাতে আদায় করায় আর্থিক ক্ষতি ৫,৫৮,৫০০/- টাকা।	ক). ব্রডশিট জবাবের সপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি; খ). অডিট পরবর্তী সময়ে বিধি মোতাবেক পরিপত্র অনুযায়ী বিভিন্ন খাতে (নম্বরপত্র ও প্রত্যয়নপত্র ফি) অর্থ আদায়/ব্যয় করা হচ্ছে, এই মর্মে প্রমাণক সংযুক্ত করা হয়নি;	উল্লিখিত ঘাটতিসমূহ প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।
২	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ০৫ (SFI)	সরবরাহকারীর অনুকূলে চেক/ক্রসড চেক ইস্যু না করে অধ্যক্ষ এবং অন্যান্য ব্যক্তিবর্গের অনুকূলে চেক ইস্যু করে অনিয়মিতভাবে ব্যয় ৪,১৪,৩৪২/- টাকা।	ক). ব্রডশিট জবাবের সপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি; খ). যেসকল দোকান থেকে মালামাল ক্রয় করা হয়েছে সেসকল দোকানদার কর্তৃক গৃহীত সকল বিলের বিপরীতে বিলের সমপরিমাণ টাকা বুঝিয়া পেলাম, এই মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করা হয়নি; গ). অডিট পরবর্তী সময়ে বিধি মোতাবেক সরবরাহকারীর অনুকূলে চেক/ক্রসড চেক ইস্যু করা হচ্ছে, এরূপ প্রমাণক সংযুক্ত করা হয়নি;	উল্লিখিত ঘাটতিসমূহ প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।
৩	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ২০ (Non-SFI)	নগদ ক্রয়ের নির্ধারিত সীমার উর্ধ্বে পণ্য ক্রয়ের ক্ষেত্রে দরপত্র আহবান না করে অনিয়মিতভাবে ব্যয় ১,৫৭,০০০/- টাকা।	ক). ব্রডশিট জবাবের সপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি;	উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।
৪	আপত্তির সাল: ২০২৩-২০২৪ অনুচ্ছেদ: ২১ (Non-SFI)	অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত এক খাতে অর্থ অন্য খাতে অনিয়মিতভাবে ব্যয় ৯০,৫০০/- টাকা।	ক). ব্রডশিট জবাবের সপক্ষে কোন প্রমাণক সংযুক্ত করা হয়নি;	উল্লিখিত ঘাটতি প্রমাণক হিসেবে সংযুক্ত করে পুনরায় ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।

বি: দ্র: উল্লিখিত অডিট আপত্তিসমূহের খসড়া ব্রডশিট জবাব প্রস্তুত করে এ অধিদপ্তরের অডিট শাখার সাথে আলোচনা পূর্বক চূড়ান্ত ব্রডশিট জবাব প্রেরণ করতে হবে।

D:\GOBINDA BASAK\2024\AUDIT LETTER (GENARL & ADVANCE) 2024\NOBEMBER -2024.DOC

২৪/০৫
২০২৪

২২.০৫.২৪
M. A. Rakib
Attached Officer (Audit)
PIU (Branch-10)
Director of Technical Education
Agargaon, Dhaka.

২২/০৫/২৪
Dr. Reza Hasan Mahmud
Assistant Director
Director of Technical Education
Agargaon, Dhaka-1207